**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

(১) মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রবেশ পরীক্ষায় অসাধু উপায় অবলম্বন করা লোকেদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা/

(২) ভারত বিশ্বের অন্যতম শক্তিশালী রাষ্ট্র হিসেবে পরিগণিত হওয়ার ক্ষেত্রে উত্তর পূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে বলে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের প্রকাশ/

(৩) কেম্পা কোলা'র বটলিং প্ল্যান্ট'এর উদ্বোধন করে এই প্রকল্পে তিনশোরও বেশি প্রত্যক্ষ নিযুক্তি সুযোগ সৃষ্টি হবে বলে মুখ্যমন্ত্রীর মন্তব্য/

(৪) 'এডভান্টেজ আসাম'এর দ্বিতীয় সংস্করণের প্রাক মুহূর্তে রাজ্যে নিরাপত্তা ব্যবস্থা সহ সবধরণের প্রস্তুতি সম্পূর্ণ/

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ (সি বি এস ই)'র দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় অবৈধ উপায়ে সহায়তার নামে অর্থ নেওয়ার অভিযোগে মেঘালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সত্ত্বাধিকারী মহিবুল হককে গ্রেপ্তার করা হয়েছে । প্রাপ্ত অভিযোগ অনুসারে মহিবুল হকের প্রতিষ্ঠানটি শ্রীভূমির পাথারকান্দি কেন্দ্রীয় বিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান পরীক্ষায় অবতীর্ণ হওয়া

২১৪ জন পরীক্ষার্থীকে পাশ করানোর জন্য অর্থ নেওয়া সহ অসাধু উপায়ে পরীক্ষার্থীদের সহায়তার প্রতিশ্রুতি দিয়েছিল । পরীক্ষা কেন্দ্রে এই বিষয়টিকে কেন্দ্র করে হুলুস্থুল সৃষ্টি হওয়ার খবর প্রকাশ্যে আসে এবং শ্রীভূমি পুলিশ থানায় একটি মামলা দায়ের করা হয় । মহিবুল হককে গ্রেপ্তার করে পুলিশী জেরা অব্যাহত রয়েছে । তাকে গ্রেপ্তার করা এবং এর পরবর্তী পর্যায়ের এই ঘটনার তদন্তের বিষয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সাংবাদিকদের জানান যে- শিক্ষা ব্যবস্থায় এধরণের অপকর্ম রোধ করতে সরকার সর্বদাই দায়বদ্ধ । ডঃ শর্মা মেডিকেল ও ইঞ্জিনিয়ারিংএর প্রবেশ পরীক্ষার ক্ষেত্রেও এই চক্রটি অসাধু উপায় অবলম্বন করে আসছিল বলে মন্তব্য করেছেন ।

---

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য আজ আই আই টি- গুয়াহাটিতে থিংক ইন্ডিয়া উত্তর-পূর্ব সম্মেলনের সূচনা করেছেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে রাজ্যপাল শ্রী আচার্য ভারত বিশ্বের অন্যতম শক্তিশালী রাষ্ট্র হিসেবে পরিগণিত হওয়ার ক্ষেত্রে উত্তর পূর্বাঞ্চলের বিশাল অবদান রয়েছে বলে মন্তব্য করেন । তিনি উত্তর পূর্বাঞ্চলকে বিষয় হিসেবে নিয়ে এই সম্মেলনের আয়োজন করার পদক্ষেপের প্রশংসা করেন । আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চলের ঐতিহ্য, জৈব বৈচিত্র এবং যুব প্রজন্মের সামর্থ, এই অঞ্চলে দেশের অমৃতকালে উন্নয়ন ও বিকাশের অন্যতম কেন্দ্র হিসেবে গড়ে ওঠার কারণ বলেও তিনি প্রকাশ করেন । এই সম্মেলনের আলোচনা সমূহ শিক্ষা, বহনক্ষম উন্নয়ন এবং অর্থনৈতিক সবলীকরণের বিভিন্ন দিকে আলোকপাত করা সহ উত্তর পূর্বাঞ্চলকে প্রগতির শিখরে নিয়ে যাওয়ার ক্ষেত্রে উৎসাহ যোগাবে বলে শ্রী আচার্য মন্তব্য করেন । দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হিসেবে কৌশলগত দিক থেকে উত্তর পূর্বাঞ্চলের গুরুত্বের বিষয়ে উল্লেখ করে রাজ্যপাল বলেন যে- বিভিন্ন ভৌগলিক এবং অন্যান্য প্রত্যাহ্বান সত্ত্বেও এই অঞ্চলটি সকল দিকে এগিয়ে যাচ্ছে । নিজের ভাষণে রাজ্যপাল এই অঞ্চলের যুব প্রজন্মের সামর্থের প্রতি তাঁর বিশ্বাসের কথা উল্লেখ করে তাদের উদ্ভাবনীমূলক ক্ষমতা উত্তর পূর্বাঞ্চলের সম্ভাবনাকে বাস্তবায়িত করবে বলেও মন্তব্য করেছেন । এই অনুষ্ঠানে আই আই টি-গুয়াহাটির সঞ্চালক- অধ্যাপক দেবেন্দ্র জালিহাল সহ বহুসংখ্যক বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ কামরূপ জেলার চাংসারীতে পানীয় উৎপাদনকারী প্রতিষ্ঠান ‘কেম্পা এন্ড বেভারেজ’ এর সহযোগিতায় বটলিং প্ল্যান্ট’এর উদ্বোধন করেন । প্রকল্পটি উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন যে- এই নতুন প্রকল্পটি রাজ্যের শিল্প বিকাশ এবং আসামে শিল্প গড়ে ওঠার জন্যে অনুকূল পরিবেশ সম্পর্কে ইতিবাচক বার্তা প্রেরণ করতে সমর্থ হয়েছে। রিলায়েন্স কনজিউমার প্রোডাক্টস্ লিমিটেড’এর ২৫০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে স্থাপন করা এই প্রকল্পের মাধ্যমে আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যের ঔদ্যোগিক এবং অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে সহায়তা হবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন । তিনি বলেন যে- এই প্রকল্পের মাধ্যমে প্রত্যক্ষভাবে কমপক্ষে তিনশোটি পদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ার পাশাপাশি এক হাজারেরও বেশি পরোক্ষ নিযুক্তির সুবিধা পাওয়া যাবে । ‘এডভান্টেজ আসাম’ শীর্ষ সম্মেলনের প্রাক মুহূর্তে এধরণের প্রকল্প চালু করার বিষয়টি আশার সঞ্চার করেছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন ।

---

আসামের চায়ের ২০০ বছরের সমৃদ্ধ ঐতিহ্য উদযাপনের উদ্দেশ্যে আগামী ২৪ শে ফেব্রুয়ারী আয়োজিত ঝুমুর বিন্দন্দিনী অনুষ্ঠানের জন্য গুয়াহাটীর সরুসজাই ষ্টেডিয়ামে রাজ্যের বিভিন্ন জেলার ৯ হাজারেরও বেশী চা জনগোষ্ঠির শিল্পীরা ঝুমুর নৃত্যের কেন্দ্রীয় অনুশীলনে অংশগ্রহণ করছে ।আগামী সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে অনুষ্ঠেয় এই সর্ববৃহৎ ঝুমুর নৃত্যের অনুষ্ঠানে বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ডঃ এস জয়শংকর উপস্থিত থাকবেন ।আজ এক সাংবাদিক সম্মেলনে এই বিষয়ে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে কেন্দ্রীয় সরকার আসামের চা জনগোষ্ঠির লোকেদের বিশেষ গুরুত্ব দিচ্ছে ।

---

এডভান্টেজ আসাম’এর দ্বিতীয় সংস্করণের আর মাত্র দুটো দিন বাকি থাকা অবস্থায় রাজ্যসরকার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা সহ সবধরণের প্রস্তুতি সম্পূর্ণ করেছে । এই সম্মেলনে অংশ নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরে আসামে আসছেন । এছাড়া বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ডঃ এস. জয়শঙ্করের নেতৃত্বে ৫০টি রাষ্ট্রের রাষ্ট্রদূতগণ এতে অংশ নেবেন । এই অনুষ্ঠানে কম করে পাঁচটি আলোচনা চক্র অনুষ্ঠিত হবে । এই সম্মেলন রাজ্যে উন্নয়ন বৃদ্ধি সহ ঔদ্যোগিক পরিকাঠামো শক্তিশালী করার ক্ষেত্রে ইতিবাচক পরিবেশের সূচনা করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আশা প্রকাশ করেন ।

---

কাছাড় জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন আসন্ন মহাশিবরাত্রিতে ভূবন পাহাড়ে আসা ভক্তদের যাতে কোন ধরণের অসুবিধার সম্মুখীন না হতে হয় সেদিকে তীক্ষ্ণ নজর রাখছে ।জেলার আবগারী বিভাগের পক্ষ থেকেও নেশাগ্রস্থ হয়ে যাতে কেউ পাহাড়ে চড়তে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখা হয়েছে ।আগামী সোমবার থেকে জেলা ও পুলিশ প্রশাসন কঠোর ব্যবস্থা গ্রহণ করবে বলে জানানো হয়েছে ।আজ জেলার পুলিশ সুপার নুমাল মাহাত্ত সহ অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেন , অপরাধ দমন শাখার অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পল ভূবন পাহাড়ের পরিস্থিতি খতিয়ে দেখেন ।পরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় শ্রী মাহাত্ত জানান যে

বাইট ৫৩ **সেকেন্ড**

এদিকে আজ আবগারী বিভাগের কর্মীরাও পাহাড়ের চূড়ায় উঠে মদ বিরোধি অভিযান চালান বলে বিভাগীয় সূত্রে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা কংগ্রেসের আজ বর্ণিব্রিজে অনুষ্ঠিত এক বৈঠকে দলীয় সদস্যদের মধ্যে হৈ-হট্টগোলের সৃষ্টি হয় । আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন যে- আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরার উপস্থিতিতে আজ অনুষ্ঠিত কংগ্রেসের প্রকাশ্য বৈঠকে দলীয় কর্মীদের মধ্যে মতবিরোধ দেখা দেওয়ার পরিপ্রেক্ষিতে হুলুস্থুলময় পরিবেশের সৃষ্টি হয় । এরফলে কংগ্রেসের মহিলা সহ বেশকিছু সদস্য আহতও হন বলে আমাদের সংবাদদাতা জানান । পরে সংবাদ মাধ্যমকে শ্রী বরা জানিয়েছেন যে- কংগ্রেসের জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে বলেই এধরণের পরিবেশ সৃষ্টি হয়েছে ।

---

রাজ্যের বিভিন্ন জেলায় আজ থেকে স্কুল সমুহে সরবরাহ করা ইউনিফর্মের গুণগত মানের বিশেষ পরীক্ষা শুরু হয়েছে । হাইলাকান্দি জেলায়ও আজ থেকে ইউনিফর্ম সরবরাহ প্রক্রিয়া দূর্নীতিমুক্ত করার উদ্দেশ্যে শিক্ষা বিভাগ বিশেষ পরীক্ষার ব্যবস্থা করেছে ।ইউনিফর্মে থাকা পলিয়েস্টার সূতোর পরিমান নির্ধারন করতে সালফিউরিক এসিড ব্যবহার করে বিশেষ পরীক্ষা চালানো হচ্ছে বলে বিভাগিয় কর্তৃপক্ষ জানিয়েছেন ।এই প্রক্রিয়ায়

সরকার নির্ধারিত পরিমানের চাইতে বেশী পলিয়েস্টার থাকলে সেই ইউনিফর্ম বাতিল করা হচ্ছে বলে বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে ।হাইলাকান্দি জেলার ১ হাজার ২৫৭ টি স্কুলে এধরণের পরীক্ষা চালানো হবে ।

---

শিলচরের সারস্বত সামাজিক , সাংস্কৃতিক ও ক্রীড়া সংস্থার ৪৬ তম বর্ষ উদযাপন উপলক্ষে আগামী সোমবার শিলচর বঙ্গভবনে নাট্য প্রদর্শনীর আয়োজন করা হয়েছে ।ঐদিন সন্ধ্যা সাড়ে ৫ টা থেকে তিনটি নাটক মঞ্চস্থ করা হবে ।অনুষ্ঠানে সারস্বত শিলচর সহ পশ্চিমবঙ্গের শান্তিপুর উড়ান দল দুটি নাটক মঞ্চস্থ করবে ।